Sanatan Dharma

সাধারণ ব্যক্তির মৃত্যুর স্বাদ কেমন, কিরূপ এর যন্ত্রণা ?

আত্মজ্ঞান লাভ হয়নি এরকম সাধারণ ব্যক্তির মৃত্যুর স্বাদ কেমন, কিরূপ এর যন্ত্রণা ?
প্রাচীন বৈদিক সাহিত্য গরুড় পুরাণে বলা হয়েছে ৪০,০০০ বিষাক্ত বিছা পোকা একত্রে কামড়ালে যে যন্ত্রণা হয়, মৃত্যুকালে জীব তার সমান যন্ত্রণা ভোগ করবে ।
ভগবান কপিল দেব মৃত্যু সময়ের বীভৎস অভিজ্ঞতা সম্বন্ধে বলেছেনঃ ''সেই রুগ্ন অবস্থায় , তরে বায়ুর চাপে , তার চক্ষু ঠিকরে বেড়িয়ে আসে এবং কফের দ্বারা শ্বাসনালি রুদ্ধ হয়ে যায় । নিঃশ্বাস নিতে তখন খুব কষ্ট হয় এবং গলা দিয়ে ঘর-ঘর শব্দ হয় । এভাবে অত্যন্ত মর্মান্তিকভাবে তার মৃত্যু হয় । (ভাগঃ ৩/৩০/১৬-১৮)
যেদিন যে মুহূর্তে শিশু জন্মগ্রহণ করে , তখন থেকেই তার মৃত্যু প্রক্রিয়া শুরু হয় ।
কিন্তু আমরা জানি না যে, ''এটা জন্ম নয়, এটা মৃত্যু''। আর একেই বলে মায়া । মোহ এটাই
যে , মৃত্যু জন্মগ্রহণ করছে , অথচ আমরা সানন্দে বলছি একটি শিশুর জন্ম হয়েছে।
পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণ গীতায়
আমাদের শিক্ষা দিয়েছেন, ''কিভাবে মরতে হবে ? কিভাবে মৃত্যুকে জয় করবে ?''
'' অন্তকালে চ মামেব স্মরন্মুক্ত্বা কলেবরম, যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ''। ৮/৫
অনুবাদঃ মৃত্যুর সময়ে যিনি আমাকে স্মরণ করে দেহত্যাগ করেন তিনি তৎক্ষনাৎ আমার
ভাবই প্রাপ্ত হন। এই বিষয়ে কোনও সন্দেহ নেই''।

Published on: Dec, 06 2022 09:23